



উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার জানুয়ারি/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ও সময় : ৩১-০১-২০২৪খ্রিঃ, বেলা ১২:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। <u>উপজেলা স্বাস্থ্য বিভাগ</u> : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন, ক। চরএলাহী ইউনিয়নের সাবেক ২নং ওয়ার্ড উড়ির চরে (চর উমেদ) একটি নতুন কমিউনিটি ক্লিনিক নির্মাণের জন্য জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী ১২ (বার) শতাংশ জমি দান করেছেন। উক্ত দানকৃত জমিতে নতুন একটি কমিউনিটি ক্লিনিক নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করলে নদী বেষ্টিত বিপুল সংখ্যক সুবিধা বঞ্চিত প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্য সেবা প্রাপ্তির ক্ষেত্রে বিশেষ অবদান রাখবে। খ। উড়িরচরের চর বালুয়াতে নিয়মিতভাবে টিকাদান কার্যক্রম পরিচালনার জন্য কমপক্ষে ০২ জন টিকাদানকর্মী নিয়োগ ও ০৮টি অস্থায়ী টিকাদান কেন্দ্র স্থাপনে আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত সর্বমোট ৩,৩৮,৪০০ (তিন লক্ষ আটত্রিশ হাজার চারশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক। চরএলাহী ইউনিয়নের সাবেক ২নং ওয়ার্ড উড়ির চরে (চর উমেদ) একটি নতুন কমিউনিটি ক্লিনিক নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। খ। উড়িরচরের চর বালুয়াতে নিয়মিতভাবে টিকাদান কার্যক্রম পরিচালনার জন্য কমপক্ষে ০২ জন টিকাদানকর্মী নিয়োগ ও ০৮টি অস্থায়ী টিকাদান কেন্দ্র স্থাপনে আসবাবপত্র ক্রয়ের নিমিত্ত সর্বমোট ৩,৩৮,৪০০ (তিন লক্ষ আটত্রিশ হাজার চারশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২। <u>উপজেলা কৃষি বিভাগ</u> : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা কৃষি অফিসার।
৩। <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ</u> : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ব্যবসা পরিকল্পনা প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন ইউনিয়নের খামারীদের ২ দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম চলছে। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিধি মোতাবেক নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।
৪। <u>মৎস্য বিভাগ</u> : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ক. জাটকা রক্ষা জাটকা সংরক্ষণ অভিযান চলমান রয়েছে। খ. মৎস্য সম্পদ ধ্বংসকারী বেহুন্দী জাল, চরঘেরা জাল, মশারী জালসহ অন্যান্য অবৈধ জাল জব্দ ও ধ্বংস করে মৎস্য সম্পদ রক্ষার্থে “বিশেষ কব্জি অপারেশন-২০২৪” চলমান রয়েছে। গ. নিবন্ধিত জেলেদের মধ্যে ভিজিএফ হিসেবে চল বিতরণ চলমান রয়েছে।	জাটকা রক্ষা ও মৎস্য সম্পদ রক্ষার্থে নিয়মিত অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা
৫। <u>পরিবার পরিকল্পনা বিভাগ</u> : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ২নং চরপার্বতী ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি পরিত্যক্ত। পরিবার কল্যাণ পরিদর্শকগণ এ ঝুঁকিপূর্ণ ভবনে সেবা দিয়ে আসছে। অত্র ঝুঁকিপূর্ণ ভবনের পরিবর্তে নতুন ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।	২নং চরপার্বতী ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য নতুন ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কোম্পানীগঞ্জ, নোয়াখালী
৬। <u>এলজিইডি</u> : উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় বলেন, ক. এ উপজেলায় কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ বসবাসের জন্য পরিত্যক্ত আবাসিক ভবনগুলো অপসারণপূর্বক পরিকল্পিতভাবে নতুন ভবন নির্মাণ প্রয়োজন। খ. মন্দির ভিত্তিক শিশু শিক্ষা কার্যক্রমের শিক্ষার্থীদের মাঝে উপজেলা	ক.এ উপজেলায় কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ বসবাসের জন্য পরিত্যক্ত আবাসিক ভবনগুলো অপসারণপূর্বক পরিকল্পিতভাবে নতুন ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী

রাজস্ব তহবিলের অর্থায়নে ২১০ টি স্কুল ব্যাগ বিতরণের বিষয়ে আলোচনা করেন। গ. এ উপজেলায় কর্মকর্তাদের জন্য বরাদ্দকৃত গাড়ী রাখার জন্য উপজেলা পরিষদ ক্যাম্পাসে অবস্থিত গ্যারেজটি অত্যন্ত ছোট। কর্মকর্তাদের জন্য বরাদ্দকৃত গাড়ী রাখার জন্য গ্যারেজটি সম্প্রসারণ করা প্রয়োজন। ঘ. উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের ০১টি পরিত্যক্ত ভবন, উপজেলা পরিষদের ০১টি আধা পাকা টিনশেড ভবন (নির্মাণাধীন উপজেলা পরিষদ পাবলিক লাইব্রেরী ও সাংস্কৃতিক কেন্দ্রের সম্মুখে) এবং উপজেলা ফরেস্ট অফিস নার্সারি কেন্দ্রের আধা পাকা ভবন কনডেম ঘোষণার নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতপূর্বক সভায় উপস্থাপন করেন। ঙ. উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলের অর্থায়নে নিম্নবর্ণিত ০৩ (তিন)টি প্রকল্প RFQ এর মাধ্যমে বাস্তবায়ন করা প্রয়োজন। ১. ০৪নং চরকাঁকড়া ইউনিয়নের ০৫নং ওয়ার্ডের মাছুরা দোনা খালের উপর ফুট ওভার ব্রিজ নির্মাণ। ২. ০৪নং চরকাঁকড়া ইউনিয়নের নতুন বাজার হাইস্কুল সংলগ্ন আরসিসি রাস্তা নির্মাণ। ৩. সমরবানু সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুই কক্ষ বিশিষ্ট টয়লেট নির্মাণ	খ. মন্দির ভিত্তিক শিশু শিক্ষা কার্যক্রমের শিক্ষার্থীদের মাঝে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে ২১০ টি স্কুল ব্যাগ বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। গ. কর্মকর্তাদের জন্য বরাদ্দকৃত গাড়ী রাখার জন্য উপজেলা পরিষদ ক্যাম্পাসে অবস্থিত গ্যারেজটি সম্প্রসারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ঘ. উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের ০১টি পরিত্যক্ত ভবন, উপজেলা পরিষদের ০১টি আধা পাকা টিনশেড ভবন (নির্মাণাধীন উপজেলা পরিষদ পাবলিক লাইব্রেরী ও সাংস্কৃতিক কেন্দ্রের সম্মুখে) এবং উপজেলা ফরেস্ট অফিস নার্সারি কেন্দ্রের আধা পাকা ভবন কনডেম ঘোষণার নিমিত্ত প্রস্তুতকৃত প্রাক্কলন ০৩ (তিন) টি জেলা প্রশাসক, নোয়াখালী মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ঙ. উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলের অর্থায়নে বর্ণিত ০৩ (তিন)টি প্রকল্প RFQ এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	
৭। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী নিম্নবর্ণিত আলোচনা করেন: ক. নতুন পাঠ্যবই রাখার জন্য একটি গোডাউন নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। খ. সমরবানু সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের পূর্বে নির্মাণকালীন সময়ের জন্য শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য ওয়াশরুম নির্মাণের জায়গার সংকট রয়েছে। বিদ্যালয়ের পার্শ্ববর্তী মাদ্রাসার জায়গায় ওয়াশরুম নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।	ক. নতুন পাঠ্যবই রাখার জন্য একটি গোডাউন নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। খ. সমরবানু সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের পূর্বে নির্মাণকালীন সময়ের জন্য শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য ওয়াশরুম নির্মাণের স্থান নির্ধারণে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানসহ সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ক. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) খ. উপজেলা শিক্ষা অফিসার/ চেয়ারম্যান, ০৪নং চরকাঁকড়া ইউনিয়ন পরিষদ
৮। যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের অধীন অ-প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ (৭ দিনব্যাপি) চলমান আছে। এছাড়া তার দপ্তর হতে ঋণ গ্রহণকারী কতিপয় সদস্য দীর্ঘদিন যাবৎ গৃহীত ঋণ পরিশোধ না করার কারণে নতুন সদস্যদের ঋণ প্রদান কার্যক্রম ব্যাহত হচ্ছে। ঋণ আদায়ে সার্বিক সহযোগিতা কামনা করেন।	খেলাপি ঋণ আদায়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
৯। মহিলা বিষয়ক অধিদপ্তর : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
১০। সমবায় বিভাগ : উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, আগামী ২৪-০২-২০২৪ খ্রি : তারিখে বসুরহাট পৌর বহুমুখী সমবায় সমবায় সমিতি লি : এর বিধিবদ্ধ নির্বাচন অনুষ্ঠিত হবে। আগামী ০১-০২-২০২৪ খ্রি : তারিখে মনোনয়ন পত্র বিতরণ করা হবে। উক্ত নির্বাচনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	বসুরহাট পৌর বহুমুখী সমবায় সমবায় সমিতি লি : এর বিধিবদ্ধ নির্বাচন বিধি মোতাবেক সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা
১১। খাদ্য বিভাগ : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২৩-২৪ মৌসুমে কোম্পানীগঞ্জ উপজেলায় ৭০৯,০০০ মে: টন ধান ও ৩৬৯,০০০ মে: টন সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১-০১-২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত ৭,৫৬০ মে: টন ধান ও ৩৬৯,০০০ মে: টন সিদ্ধ চাল সংগ্রহ করা সম্ভব হয়েছে। এ সংগ্রহ কার্যক্রম আগামী ২৮-০২-২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত চলমান থাকবে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	ধান নিবন্ধিত প্রকৃত কৃষকের নিকট থেকে এবং চাল খাদ্য বিভাগের লাইসেন্সধারী চালকল মালিক বা মিলার এর নিকট থেকে সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সরকারিভাবে সরবরাহকৃত ২০২৪ সালের জন্য মাধ্যমিক পর্যায়ে ৬ষ্ঠ-৯ম শ্রেণী এবং মাদ্রাসার ১ম থেকে ৯ম শ্রেণী পর্যন্ত বিনামূল্যে পাঠ্যপুস্তক এ পর্যন্ত প্রাপ্ত পাঠ্যপুস্তকের ১০০% বিতরণ করা হয়েছে। এছাড়া উপজেলা পর্যায়ে ৫২তম শীতকালীন খেলাধুলা (১৫-২১) জানুয়ারি ২০২৪ মাসে সম্পন্ন হয়েছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কোম্পানীগঞ্জ, নোয়াখালী



১৩। পরিসংখ্যান বিভাগ : উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো(বিবিএস) কর্তৃক অর্থনৈতিক শুমারি ২০২৪ এর অফিসিয়াল কার্যক্রম শুরু হয়েছে। আগামী মার্চ/এপ্রিল মাসে লিটিং এবং নভেম্বর/ডিসেম্বর মাসে মূল শুমারি কার্যক্রম সম্পন্ন করা হবে। অর্থনৈতিক শুমারি ২০২৪ এর সফল বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	নির্ধারিত সময়সূচি মোতাবেক শুমারি কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ
১৪। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর : উপজেলা সহকারী প্রোগ্রামার ৪৫তম বিজ্ঞান মেলা অনুষ্ঠানের বিচারক হিসেবে কবিরহাট (অঃদা) থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
১৫। বন বিভাগ : উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ক. সোনাপুর-জোরালগঞ্জ সড়কে বাগধারা বাজার হইতে জোরালগঞ্জ অভিমুখে ২০১৯-২০ সালে সুফল প্রকল্পের আওতায় ৩ কি.মি. সড়ক বাগান সৃজন করা হয়। উক্ত বাগান এলাকায় সড়ক উন্নয়ন ও প্রসঙ্গকরণ কাজ করার কারণে বাগানের গাছগুলি অপসারণ করা প্রয়োজন এবং গাছগুলি মেয়াদ উত্তীর্ণ হওয়ায় গাছগুলি বিক্রয়পূর্বক উপকারভোগীদের নিকট বিতরণ করা প্রয়োজন। খ. বসুরহাট সোনাপুর সড়কে বসুরহাট হইতে ভূইয়ারহাট অভিমুখে ২০১৯-২০ সালে সুফল প্রকল্পের আওতায় ৫ কি.মি. সড়ক বাগান সৃজন করা হয়। উক্ত বাগান এলাকায় সড়ক উন্নয়ন ও প্রসঙ্গকরণ কাজ করার কারণে বাগানের গাছগুলি অপসারণ করা প্রয়োজন এবং গাছগুলি বিক্রয়ের অযোগ্য হওয়ায় গাছগুলি স্থানীয় উপকারভোগীদের নিকট বিতরণ করা প্রয়োজন।	ক. সোনাপুর-জোরালগঞ্জ সড়কে বাগধারা বাজার হইতে জোরালগঞ্জ অভিমুখে ২০১৯-২০ সালে সুফল প্রকল্পের আওতায় সৃজনকৃত (৩ কি.মি.) বাগানের গাছ অপসারণ এবং বিধি মোতাবেক বিক্রয়পূর্বক উপকারভোগীদের নিকট বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ. বসুরহাট সোনাপুর সড়কে বসুরহাট হইতে ভূইয়ারহাট অভিমুখে ২০১৯-২০ সালে সুফল প্রকল্পের আওতায় সৃজনকৃত (৫ কি.মি.) বাগানের গাছ অপসারণ এবং বিধি মোতাবেক উপকারভোগীদের নিকট বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা বন কর্মকর্তা কোম্পানীগঞ্জ, নোয়াখালী
১৬। জনস্বাস্থ্য বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
১৭। দ্রাণ ও দুর্ঘর্ষি ব্যবস্থাপনা বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলার ১৯টি স্থানে নির্মিত আশ্রয়ন প্রকল্পের স্থানে সাব মার্সিবল টিউবওয়েল স্থাপন, চলাচলের জন্য রাস্তা নির্মাণ এবং মসজিদ ও মন্দির ভিত্তিক শিশু শিক্ষা কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	কোম্পানীগঞ্জ উপজেলার ১৯টি স্থানে নির্মিত আশ্রয়ন প্রকল্পের স্থানে সাব মার্সিবল টিউবওয়েল স্থাপন, চলাচলের জন্য রাস্তা নির্মাণ এবং মসজিদ ও মন্দির ভিত্তিক শিশু শিক্ষা কার্যক্রম গ্রহণের জন্য চাহিদা/তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
১৮। সমাজসেবা বিভাগ: উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ক. নতুন ভাতাভোগীদের বরাদ্দ তালিকা দ্রুত স্ব-স্ব ইউনিয়নে প্রেরণ করা হবে। খ. অত্র কার্যালয়ে বিভিন্ন ভাতাভোগী লোকজন প্রায় ২৬০০০ জন, প্রতিদিন বিভিন্ন ভাতাভোগী সেবা নিতে দপ্তরে আসেন, কিন্তু কক্ষ স্বল্পতার কারণে তাঁরা দীর্ঘক্ষণ দাড়িয়ে থাকতে হয়। তাই জনসাধারণের সার্বিক সুবিধার্থে কক্ষ ও বসার জন্য ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।	জনসাধারণের সার্বিক সুবিধার্থে কক্ষ ও বসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ক. উপজেলা সমাজসেবা কর্মকর্তা খ. উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১৯। বিদ্যুৎ বিভাগ: আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২০। ডিজিএম (পল্লী বিদ্যুৎ) : ডিজিএম (পল্লী বিদ্যুৎ) সভায় জানান যে, বর্তমানে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক আছে। সেচ কার্যক্রম চালু হওয়ায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম (পল্লী বিদ্যুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২১। পল্লী উন্নয়ন অফিস : পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
২২। বিএডিসি বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় বলেন, উপজেলা সেচ তহবিলে জমাকৃত অর্থ দ্বারা আবেদন ফরম, লাইসেন্স ফরম ও আনুষঙ্গিক কাগজপত্রাদি মুদ্রণ ও সরবরাহের ব্যয় নির্বাহের বিষয়ে আলোচনা করেন। অবশিষ্ট অর্থ দ্বারা জনস্বার্থে স্কুল কলেজের জন্য বই ক্রয় এবং উপজেলা পরিষদ লাইব্রেরী কাম সাংস্কৃতিক কেন্দ্রের জন্য বই ও অফিস সরঞ্জাম ক্রয়ের বিষয়ে আলোচনা করেন।	উপজেলা সেচ তহবিলে জমাকৃত অর্থ দ্বারা আবেদন ফরম, লাইসেন্স ফরম, রেজিস্ট্রার ক্রয়, আনুষঙ্গিক কাগজপত্রাদি মুদ্রণ ও অফিস আসবাবপত্র/কম্পিউটার সামগ্রী ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার/উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) কোম্পানীগঞ্জ, নোয়াখালী
২৩। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর: উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা), কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা)

২৪। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কোম্পানীগঞ্জ, নোয়াখালী তার দপ্তরের নিম্নবর্ণিত কার্যক্রম উপস্থাপন করেন। ক. সঞ্চয় আদায় ডিসেম্বর/২৩ পর্যন্ত- ১৯.৩৬ লক্ষ টাকা। খ. ঋণ বিতরণ ডিসেম্বর/২৩ পর্যন্ত- ৪২২.৪৫ লক্ষ টাকা। গ. ঋণ আদায় ডিসেম্বর/২৩ পর্যন্ত- ৪৬২.০৭ লক্ষ টাকা ঘ. সদস্যদের জন্য “মাসিক সঞ্চয় স্কীম” এবং সদস্যদের ছেলে-মেয়েদের জন্য জিপিএ এর দ্বিগুন সুদ হারে “স্কুল সেভিংস স্কীম” হিসাব খোলার সুযোগ রয়েছে। এছাড়া খেলাপি ঋণ আদায়ে সার্বিক সহযোগিতা কামনা করেন।	খেলাপি ঋণ আদায়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক
২৫। ইসলামিক ফাউন্ডেশন: ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কোম্পানীগঞ্জ, নোয়াখালী কোম্পানীগ মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের বিরাজমান ৩৪টি সমস্যা সভায় উপস্থাপন করেন।	সমস্যাসমূহ জরুরী ভিত্তিতে সমাধানের জন্য উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, নোয়াখালীকে অনুরোধক্রমে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২৬। তথ্য কেন্দ্র: তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, ডোর টু ডোর সেবা: প্রাথমিক স্বাস্থ্য সেবা (ডায়াবেটিস পরিমাপ, রক্তচাপ পরিমাপ, ওজন, উচ্চতা এবং তাপমাত্রা পরিমাপ) চলমান রয়েছে। উঠান বৈঠক: প্রতি মাসে ০৩টি উঠান বৈঠক করা হচ্ছে।	নিয়মিত উঠান বৈঠক করার সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ,
২৭। চেয়ারম্যান, ০২নং চরপার্বতী ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নের ৯নং ওয়ার্ডের একটি কাঠের সেতু নির্মাণ করা প্রয়োজন।	চরপার্বতী ৯নং ওয়ার্ডের একটি কাঠের সেতু নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী
২৮। চেয়ারম্যান, ০৪নং চরকাঁকড়া ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, চরকাঁকড়া ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স ভবন মেরামত করা প্রয়োজন।	চরকাঁকড়া ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স ভবন মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী
২৯। উপজেলা পরিষদ বিবিধ: (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। (খ) উপজেলা পরিষদের সামনের পুকুরের পাড় মাটি দিয়ে বাঁধানো ও পুকুর পাড়ে ওয়াকওয়ে নির্মাণের জন্য পুকুরের পানি সেচের বিষয়ে আলোচনা করা হয় এবং পুকুরের মাছ ধরে উপজেলা পরিষদ আবাসিক এলাকায় বসবাসকারী কর্মকর্তা/কর্মচারীদের নিকট বিক্রয়ের বিষয়ে আলোচনা করা হয়। (গ) উপজেলা পরিষদের পুরাতন ভবন (উপজেলা নির্বাহী অফিসারের সাবেক অফিস কক্ষসমূহ) মেরামত/সংস্কারের বিষয়ে আলোচনা করা হয়। (ঘ) কোম্পানীগঞ্জ উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে শূন্য পদে গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগের বিষয়ে আলোচনা করা হয়।	(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) উপজেলা পরিষদের সামনের পুকুরের পাড়ে ওয়াকওয়ে নির্মাণের জন্য পুকুরের পানি সেচের সিদ্ধান্ত গৃহীত হয় এবং পুকুরের মাছ ধরে উপজেলা পরিষদ আবাসিক এলাকায় বসবাসকারী কর্মকর্তা/কর্মচারীদের নিকট বিক্রয়পূর্বক বিক্রয়লব্ধ অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) উপজেলা পরিষদের পুরাতন ভবন (উপজেলা নির্বাহী অফিসারের সাবেক অফিস কক্ষসমূহ) মেরামত/সংস্কারের ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার কোম্পানীগঞ্জ, নোয়াখালী

	(ঘ) কোম্পানীগঞ্জ উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে শূন্য পদে গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।	
--	---	--

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ
(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর : ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩-

তারিখ : ০৭ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।
- ০৭। উপজেলা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ০৮। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

মো: আনোয়ার হোসাইন পাট্টায়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন : ০২৩৩৪৪৯৪২০৪
E-mail: unocompaniganjocakhal@gmail.com